গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালক ও অধ্যাপকের কার্যালয়
জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট ও হাসপাতাল
শেরে বাংলা নগর ,ঢাকা-১২০৭
E-mail: nimhr@hospi.dghs.gov.bd

স্মারকনং এনআইএমএইচ/প্রশাঃ/জনবল নিয়োগ/২০২৫/ ১২৭৫ তারিখঃ ২৪/০৪/২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা এর ১২ গ্রেড থেকে ২০ গ্রেডের কর্মচারীর নিয়োগের লক্ষ্যে নিম্নে বর্নিত রাজস্ব/অস্থায়ী রাজস্ব খাতভূক্ত শূন্য পদসমূহ অস্থায়ী ভিত্তিতে সরাসরি পুরণের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকের নিকট হতে নিম্নে বর্নিত শর্ত সাপেক্ষে অনলাইন (online) **http://nimhr.teletalk.com.bd** ওয়েবসাইটে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। অনলাইন ব্যতীত কোন আবেদন গ্রহন করা হবে না। :

| ক্রঃ নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল/১৫) | পদের সংখ্যা | সর্বোচ্চ বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | ফিজিওথেরাপিস্ট ( গ্রেড-১২) ১১৩০০-২৭৩০০/- | ১(এক) টি | অনূর্ধ্ব ৩২ বৎসর | ক) কোন স্বীকৃত ইনস্টিটিউট হতে ফিজিওথেরাপি বিষয়ে ডিপ্লোমা ডিগ্রী অথবা কোনো স্বীকৃত বোর্ড হতে বিজ্ঞানে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। খ) কোন প্রতিষ্ঠিত হাসপাতালে ফিজিওথেরাপিস্ট হিসাবে ৫(পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে। |
| ২ | কম্পিউটার অপারেটর ( গ্রেড-১৩) ১১০০০-২৬৫৯০/- | ২(দুই)টি | অনূর্ধ্ব ৩২ বৎসর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে স্নাতক(সম্মান) বা সমমানের ডিগ্রি থাকতে হবে। খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। |
| ৩ | পরিসংখ্যানবিদ ( গ্রেড-১৪ ) ১০২০০-২৪৬৮০/- | ১(এক) টি | অনূর্ধ্ব ৩২ বৎসর | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান, গণিত বা অর্থনীতি বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রী। খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে। |
| ৪ | ডাটা এন্ট্রি অপারেটর ( গ্রেড-১৬) ৯৩০০-২২৪৯০/- | ১(এক) টি | অনূর্ধ্ব ৩২ বৎসর | ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। |
| ৫ | ওয়ার্ড মাষ্টার ( গ্রেড-১৬) ৯৩০০-২২৪৯০/- | ২(দুই)টি | অনূর্ধ্ব ৩২ বৎসর | ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে। |
| ৬ | টেলিফোন অপারেটর ( গ্রেড-১৬) ৯৩০০-২২৪৯০/- | ১(এক) টি | অনূর্ধ্ব ৩২ বৎসর | ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক পাশ বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। খ) কম্পিউটার চালনার দক্ষতা থাকতে হবে। |
| ৭ | গাড়ীচালক (গ্রেড-১৬) ৯৩০০-২২৪৯০/- | ১ (এক) টি হালকা | অনূর্ধ্ব ৩২ বৎসর | ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়ার স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে । খ) হালকা গাড়ী চালনার বৈধ হালকা ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। গ) অভিজ্ঞতা সম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাবেন। |
| ৮ | ইলেকট্রিশিয়ান (গ্রেড-১৬) ৯৩০০-২২৪৯০/- | ১(এক) টি | অনূর্ধ্ব ৩২ বৎসর | কোনো স্বীকৃত বোর্ড হইতে ইলেকট্রিক্যাল ট্রেডে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে । |
| ৯ | অফিস সহায়ক ( গ্রেড-২০) ৮২৫০-২০০১০/- | ৫(পাঁচ) টি | অনূর্ধ্ব ৩২ বৎসর | কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |

**আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্নিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে**

০১। ০১/০৪/২০২৫ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩২ বছর হতে হবে। বয়স প্রমানের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০২। এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্নিত ছকের ০২ ও ০৪ নং ক্রমিকের শূন্য পদ পূরণে "সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনাল নিয়োগ বিধিমালা, ২০১৯ ", ক্রমিক নং- ০১, ০৩, ০৫, ০৬ ও ০৮ এর শূন্য পদসমূহ পূরণে "বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় নন-মেডিকেল কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮" ও ক্রমিক নং ০৭ এর শূন্য পদ পূরণে "সরকারি যানবাহন অধিদপ্তরের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯" এবং ক্রমিক নং ৯ এর শূন্য পদ পূরণে "মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা,২০১৯" অনুসরণ করা হবে। এছাড়াও নিয়োগ সংক্রান্ত বিদ্যমান সরকারি যাবতীয় বিধি-বিধান/আদেশ/নিয়মাবলী এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধিতে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

০৩। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকুরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদন ফরম পূরণের সময় **Departmental Candidate** এর ঘরে টিক (√ ) চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকুরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রের মূল কপি জমা দিতে হবে। এক্ষেত্রে কোনো অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

MRahma.

০৪। চাকুরির আবেদন ফরমে (Applicant copy) সকল শিক্ষাগত যোগ্যতা উল্লেখ করতে হবে। অন্যথায় চাকুরির জন্য নির্বাচিত হলে চাকুরির আবেদনে উল্লেখিত সনদ ব্যতীত পূর্বে অর্জিত অন্যান্য শিক্ষাগত যোগ্যতার সনদপত্র অন্তর্ভূক্ত করার সুযোগ নেই।

০৫। সকল পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। ২ ও ৪ নম্বর ক্রমিকে বর্নিত পদের জন্য লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ এবং ১, ৩, ৫, ৬, ৭, ৮, ও ৯নং নম্বর ক্রমিকে বর্ণিত পদের জন্য লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।

০৬। মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, নাগরিকত্ব, চারিত্রিক ও সকল প্রকার প্রশিক্ষণের সনদ, পূরণকৃত Applicant Form, প্রবেশপত্রসহ সকল কাগজপত্রের ০১ (এক) সেট সত্যায়িত ফটোকপি এবং সদ্য তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি দাখিল করতে হবে। এছাড়া, এতিম নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, আনসার ও গ্রাম প্রতিরক্ষার কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে।

০৭। আবেদনকারী বীরমুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা /বীরাঙ্গানার সন্তানদের এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর পুত্র-কন্যা হলে প্রমানক হিসেবে আবেদনকারীকে (সংশ্লিষ্ট বীরমুক্তিযোদ্ধার গেজেট/ভারতীয় তালিকা/লাল মুক্তিবার্তা নম্বর/সাময়িক সনদের নম্বর ও তারিখ বা মুল সনদের নম্বর ও তারিখ উল্লেখর্পূবক) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত প্রমাণপত্র উপস্থাপন করতে হবে।

০৮। প্রার্থীর যোগ্যতা যাচাই: প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা বিজ্ঞপ্তিতে যাচিত ন্যূনতম শর্তের সাথে গরমিল/অসামঞ্জস্যতা পাওয়া গেলে/ ভূয়া প্রমানিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থীতা পরীক্ষা চলাকালীন অথবা পরর্বতীতে যে কোনো সময়ে প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

০৯। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতি হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্থলনজনিত অভিযোগে দন্ডিত হন তবে তিনি আবেদন করার জন্য অযোগ্য বিবেচিত হবেন।

১০। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার ভাতা প্রদান করা হবে না।

১১। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি ও বিজ্ঞপ্তি বাতিল কিংবা বিধি মোতাবকে নিয়োগ সংক্রান্ত যে কোন পরিবর্তন করার অধিকার সংরক্ষণ করেন।

১২। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয়:

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি **http://nimhr.teletalk.com.bd** এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:
(i) Online- এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ৩০.৪.২০২৫ খ্রিষ্টাব্দ সকাল-১০:০০ ঘটিকা।
(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ২০.০৫.২০২৫ খ্রিষ্টাব্দ বিকাল-০৫:০০ ঘটিকা।
উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে sms এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে pixel করবেন। ছবির সাইজ সবোর্চ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে সেহেতু Online -এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online - এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) **SMS প্রেরণের নিয়ামালী ও পরীক্ষার ফি প্রদান:** Online - এ আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে নির্দেশ মতে ছবি ও স্বাক্ষর করার পর upload করে আবেদন submit করার পর কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন । যদি Applicant's copy তে কোন ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/ সম্পূর্ণ সাদা/ ঘোলা) বা ছবি ও স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন করার সুযোগ নাই।

(চ) আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থীকে অবশ্যই Applicant's copy তে প্রদত্ত তথ্যসমূহ সঠিক আছে কি না নিশ্চিত হতে হবে এবং PDF copy ডাউনলোডপূর্বক রঙিন প্রিন্ট সম্পন্ন করে সংরক্ষণ করতে হবে। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি নিম্নরূপ অনুযায়ী জমা দিতে হবে-

(i) ১ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ১৫০/-(একশত পঞ্চাশ) টাকা ও teletalk এর সার্ভিস চার্জ ১৮/-টাকাসহ (অফরেতযোগ্য) মোট ১৬৮/-(একশত আটান্ন) টাকা;

(ii) ২, ৩, ৪, ৫, ৬, ৭ ও ৮ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/-(একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ১২/-টাকাসহ (অফরেতযোগ্য) মোট ১১২/-(একশত বারো) টাকা;

(iii) ৯ নং ক্রমকিরে জন্য পরীক্ষার ফি বাবদ ৫০/-(একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ৬/-টাকাসহ (অফরেতযোগ্য) মোট ৫৬/-(ছাপান্ন) টাকা; অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে Online -এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

(iv) **অনগ্রসর নাগরিক প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তিতে প্রকাশিত সকল পদের জন্য পরীক্ষার ফি ৫০/- (পঞ্চাশ) টাকা ও সার্ভিস চার্জ ৬/-টাকাসহ (অফরেতযোগ্য) মোট ৫৬/-(ছাপান্ন) টাকা ।**

**প্রথম SMS:** NIMHR<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example : **NIMHR ABCDEF & send to 16222**
**Reply:** Applicant's Name, TK-223/112 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type NIMH <Space>Yes<space>PIN and send to 16222.

**দ্বিতীয় SMS:** **NIMHR<space>Yes<space> PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: **NIMHR Yes 12345678**
**Reply:** Congratulations! Applicant's Name, Payment completed successfully for NIMHR Application for (post name) User ID is (ABCDEF) and password (xxxxxxxx).

Mrahman.

(ছ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি **http://nimhr.teletalk.com.bd** ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে Online এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(জ) SMS এ প্রেরিত User ID এবং password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(ঝ) শুধুমাত্র টেলিটক প্রি-প্রেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে **NIMHR**<space>**Help**<space>**User**<space>**User ID** & Send to 16222.
Example : **NIMHR Help User ABCDEF** & Send to 16222.

(ii) PIN Number জানা থাকলে **NIMHR**<space>**Help**<space>**PIN**<space>**PIN Number** & Send to 16222.
Example : **NIMHR Help PIN 12345678** & Send to 16222.

(ঞ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট ও হাসপাতাল ,ঢাকার ওয়েবসাইট www.nimh.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এ সংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.nimh.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ট) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা nimhr@hospi.dghs.gov.bd ই-মেইল যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: NIMHR, Post Name: * * *, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(ঠ) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

**বিঃদ্রঃ আবেদনের শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরার্মশ দেয়া যাচ্ছে।**

১৩। Online -এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট ও হাসপাতাল এর ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট ও হাসপাতাল-এর টেলিটক পোর্টালের QR Code

24-4-2025
(অধ্যাপক ডা. মো: মাহবুবুর রহমান)
পরিচালক (ভারপ্রাপ্ত) ও অধ্যাপক(চলতি দায়িত্ব), সাইকিয়াট্রি
জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট ও হাসপাতাল
ও সভাপতি, বিভাগীয় নির্বাচন কমিটি।